

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

- ☐ প্রদেয় আয়কর পরিশোধ করণ এবং
☐ দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে আপনার অবদান রাখুন।

ব্যক্তিশ্রেণীর করদাতাদের স্ব-নির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল প্রসঙ্গে

বিজ্ঞপ্তি

- ব্যক্তিশ্রেণীর করদাতাদের স্ব-নির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিলের সর্বশেষ তারিখ ১৫-০৯-১৯৯৯ইং থেকে ৩০-০৯-১৯৯৯ ইং পর্যন্ত বাড়ানো হয়েছে। আয়কর রিটার্ন দাখিলের এই তারিখ আর বাড়ানো হবে না। এই তারিখে সকল কর সার্কেল আয়কর রিটার্ন গ্রহণ করার জন্য রাত ১০ টা পর্যন্ত খোলা থাকবে।
- স্ব-নির্ধারণী পদ্ধতিতে দাখিলযোগ্য আয়কর রিটার্নের উপরে "self assessment" লিখতে হবে।
- এই পদ্ধতিতে এই বৎসরে নতুন কোন আয়ের উৎস সংযোজিত হলে, এই নতুন উৎস ব্যতীত আয় সর্বশেষ নিরূপিত আয় অপেক্ষা কম হতে পারবে না। লোকসান বা রিফান্ড উদ্ভবকারী রিটার্ন এই পদ্ধতিতে গ্রহণযোগ্য হবে না।
- ব্যবসা বা পেশা আয়ের ক্ষেত্রে আয়কর রিটার্নের সঙ্গে আয় ব্যয়ের বিবরণী দাখিল করতে হবে।
- মোট আয় ৩ (তিন) লক্ষ টাকার উর্দ্ধে হলে রিটার্নের সঙ্গে সম্পদ ও দায়ের বিবরণী দাখিল করতে হবে। তবে যাদের নিজ ব্যবহৃত বাসগৃহ ব্যতীত নীট সম্পদের (অর্জন মূল্য) পরিমাণ ১০ (দশ) লক্ষ টাকার উর্দ্ধে তাদের আয় ৩ (তিন) লক্ষ টাকা বা তার কম হলেও সম্পদ ও দায়ের বিবরণী দাখিল করতে হবে এবং নির্ধারিত আয়কর ছাড়াও আয়করের ১০% হারে সারচার্জ প্রদান করতে হবে।
- আয়কর রিটার্ন দাখিলের পূর্বে সম্পূর্ণ আয়কর ও সারচার্জ (যার জন্য প্রযোজ্য) ট্রেজারী চালান বা তফসিলভুক্ত ব্যাংকের পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট দ্বারা পরিশোধ করতে হবে। কর/সারচার্জ পরিশোধের প্রমাণ রিটার্নের সঙ্গে দাখিল করতে হবে।
- দাখিলকৃত আয়কর রিটার্নে, সর্বশেষ নিরূপিত আয় অপেক্ষা ১৫% (পনের শতাংশ) বেশী আয় দেখানো হলে তা দ্বৈব চয়নের মাধ্যমে নীরক্ষা করা হবে না। অর্থাৎ এরূপ স্ব-নির্ধারণী রিটার্ন নীরক্ষা হইতে অব্যাহতি পাবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, প্রাইভেট লিমিটেড কোম্পানীর স্ব-নির্ধারণী রিটার্ন দাখিলের ক্ষেত্রে সর্বশেষ নিরূপিত আয় অপেক্ষা ২০% (বিশ শতাংশ) বেশী আয় দেখানো হলে তা ও দ্বৈব চয়নের মাধ্যমে নীরক্ষা থেকে অব্যাহতি পাবে।
- আয়কর রিটার্নের সঙ্গে সংযুক্ত প্রাতিষ্ঠানিকপত্র 'Self Assessment', মোট আয়, পরিশোধিত আয়কর ও সারচার্জ উল্লেখ করে সংশ্লিষ্ট কর কর্মকর্তা সীল ও স্বাক্ষর করবেন এবং তা করদাতা/তার আইনসম্মত প্রতিনিধিকে হস্তান্তর করবেন। সম্মানিত করদাতাদের অফিস ভ্যাগের পূর্বে এই প্রাতিষ্ঠানিকপত্র যথাযথভাবে বুকে নেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- কর অফিস কর্তৃক প্রদত্ত আয়কর রিটার্নের প্রাতিষ্ঠানিকপত্র এই কর বৎসরের কর নির্ধারণ আদেশ হিসাবে গণ্য হবে।
- ব্যক্তিশ্রেণীর করদাতাদের ক্ষেত্রে সাধারণ পদ্ধতিতে রিটার্ন দাখিলের শেষ তারিখও ৩০শে সেপ্টেম্বর, ১৯৯৯ ইং।
- সংশ্লিষ্ট কর অফিসে আয়কর রিটার্ন ফরম বিনামূল্যে পাওয়া যাবে। আয়কর রিটার্ন ফরমের ফটোকপিও গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
- রিটার্ন দাখিল ও কর প্রদান সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য ১৩৩, নিউ বেইলী রোড কর পরামর্শ কেন্দ্র, ফোন - ৯৩৪৫৩৯২ অথবা সংশ্লিষ্ট কর অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

মূল্য সংক্ৰান্ত বিজ্ঞপ্তি

সম্মানিত মূল্য সংযোজন কর (VAT) প্রদানকারী ব্যক্তি ও প্রতিষ্ঠান সমূহের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর আরোপযোগ্য সেবাসমূহের মধ্যে বিদ্যুৎ বিতরণকারী সেবার (কোড-এস-০৫৭.০০) উপর ১০ ই জুন ১৯৯৯ তারিখ হতে মূল্য সংযোজন কর আরোপিত হয়েছে।

০২। বিদ্যুৎ বিতরণকারী অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদিত অথবা ক্রীত অথবা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত বিদ্যুৎ সরাসরি ভোক্তার নিকট পণের বিনিময়ে সরবরাহ করে।

০৩। সরকার মূল্য সংযোজন কর দাতাদের সুবিধার্থে বিদ্যুৎ বিতরণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে ৪(চার) টি শ্রেণীতে ভাগ করে নিম্নলিখিত ভাবে সংকুচিত ভিত্তি মূল্য নির্ধারণ করেছে :

সেবার নাম	সেবার কোড	ব্যবহারের ধরণ অনুযায়ী ৪টি ক্ষেত্রে ধার্যকৃত সংকুচিত মূল্য ভিত্তি।	মোট মূল্যের উপর প্রদেয় নীট মুসকের হার
(১)	(২)	(৩)	(৪)
বিদ্যুৎ বিতরণকারী	So৫৭.০০	আবাসিক ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের পয়তাল্লিশ শতাংশ পরিমাণ অর্থ।	৬.৭৫%
		বাণিজ্যিক ও দাতব্য প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের চল্লিশ শতাংশ পরিমাণ অর্থ।	৬%
		সেচ একক ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের দশ শতাংশ পরিমাণ অর্থ।	১.৫%
		শিল্পাভ ও রাস্তার বাতিতে ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের পঞ্চাশ শতাংশ পরিমাণ অর্থ অর্থ।	৭.৫%

০৪। বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠান সমূহকে গ্রাহকদের জন্য বিদ্যুৎ বিল প্রস্তুতের সময় উল্লেখিত হারে মূল্য সংযোজন কর বিলের সাথে আদায় নিশ্চিত করতে অনুরোধ করা যাচ্ছে।

০৫। যে সকল ভোক্তা নিজে বিদ্যুৎ বিল জমা দেন তারা উল্লেখিত হারে বিদ্যুৎ বিলের সাথে মূল্য সংযোজন কর জমা দেবেন।

০৬। ব্যাংক কর্তৃপক্ষ প্রতি মাসে বিদ্যুৎ বিলের বিপরীত আদায়কৃত সময় অর্থ দ্রুত বিদ্যুৎ বিতরণকারী সংস্থা সমূহের অ্যাকাউন্টে বহি স্থানান্তর করবে যাতে উল্লেখিত প্রতিষ্ঠান সমূহ উক্ত রাজস্বের মূল্য সংযোজন কর অংশের অর্থ মূল্য সংযোজন কর খাত -এ বুক ট্রান্সফার অথবা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান নিশ্চিত করতে পারেন।

০৭। আদায়কৃত মূল্য সংযোজন কর যথাসময়ে সরকারী ট্রেজারীতে জমা প্রদান না করা হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। এই সংক্রান্ত আর কোন তথ্য জানার থাকলে নিম্ন লিখিত টেলিফোন নম্বরে অথবা ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৯। এই বিজ্ঞপ্তি মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি ৩৮ এর বিধান অনুযায়ী জারী করা হলো।


ফোন : ৪০৫১৯৮, ৪০৬৪১৬
৮৩৮১২০ # ২৪৮,
ফ্যাক্স : ৮৩৬১৪৩

জাতীয় রাজস্ব বোর্ড

ডিএফপি নং ২০৫৫৪-১৫/৯/৯৯


কৃষি পণ্যের সমবায় বিপণন ব্যবস্থা গড়ে তুলুন

- ☐ বাজার চাহিদা অনুযায়ী কৃষি পণ্য উৎপাদনের পরিকল্পনা করুন। এতে পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তি সহায়ক হবে।



- ☐ কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তি ও বাজারজাতকরণ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমবায় ভিত্তিক বিপণন ব্যবস্থা গড়ে তুলুন।

- ☐ গ্রামীণ পর্যায়ে ফলমূল ও শাক-সব্জির স্বাস্থ্যসম্মত ক্ষুদ্র প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থা গড়ে তুলুন।



- ☐ উপযুক্ত ও সঠিক উপায়ে কৃষি পণ্য সংরক্ষণ করুন এবং উপযুক্ত সময়ে বিক্রি করে আপনার আয় বৃদ্ধি করুন

কৃষি বিপণন অধিদপ্তর
কৃষি মন্ত্রণালয়
খামারবাড়ী, ঢাকা-১২১৫

ডিএফপি নং ২০৫৫৫-১৫/৯/৯৯